ছাত্র-জনতাকে হত্যার দায়ে খুনি হাসিনার ফাঁসি কার্যকর করতে হবে–আসাদুজ্জামান বাবলু

জতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে গাংনী উপজেলা ও পৌর বিএনপির একাংশের উদ্যোগে বিরাট শোভাযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১৩ নভেম্বর) বিকালে হাইস্কুল ফুটবল মাঠে গাংনী উপজেলা ও পৌর বিএনপির একাংশের উদ্যোগে এই সমাবেশ ও প্রধান সড়কে শোভাযাত্রার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি ও কাজিপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মতিয়ার রহমান মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

জনসভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা জাতীয়তাবাদী কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমান মাহবুব।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা জাসাসের সাধারণ সম্পাদক ও গাংনী পৌর বিএনপির ২নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, গাংনী পৌর বিএনপির সাংগাঠনিক সম্পাদক গোলাম মোস্তফা ডাকু, গাংনী উপজেলা জাতীয়তাবাদী ওলামা দলের সভাপতি ও ৪নং ওয়ার্ড বিএনপির সভাপতি এনামুল হক, গাংনী পৌর বিএনপির সাবেক নেতা শাজাহান সেলিম, আশাদুল হক আশা, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসেন, সাবেক ছাত্রনেতা শাহিবুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে আসাদুজ্জামান বাবলু বলেছেন, ৫ আগষ্টের আগে এদেশের হাজার হাজার দামাল সন্তান বুকের তাঁজা রক্ত দিয়ে এই দেশকে নতুন করে স্বাধীন করেছে। স্বৈরাচারী সরকারের প্রধানমন্ত্রী হাসিনার নির্দেশে এসব দামাল ছেলেকে হত্যা করা হয়েছে। এসব ছাত্র-জনতাকে হত্যার দায়ে খুনি হাসিনার ফাঁসি কার্যকর করতে হবে।

তিনি বলেন, ৫ আগষ্টের পরে প্রশাসনের সকল দফতরে কাজের ধীরগতি

পরিলক্ষিত হচ্ছে। প্রশাসনকে তাঁদের সেই ধীর গতিকে সচল করতে হবে। কাজের গতি সচল না করে যারা দেশকে অচল করার চেষ্টা করবেন, তাঁদের দাঁতভাঙ্গা জবাব দেওয়া হবে।

বাবলু আরও বলেন, গাংনী উপজেলার আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের হাতে এখনো লাইসেন্সবিহীন অজস্র অবৈধ আগ্নেয়াস্ত্র রয়েছে। অনতিবিলম্বে এসব অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধার ও তাদের গ্রেফতার করে আইনের আওতায় আনার জন্য প্রশাসনকে উদ্যোগে নিতে হবে। নাহলে বাড়তে থাকবে সন্ত্রাসী কার্যক্রম।

তিনি বলেন, স্বৈরাচারী সরকারের পুলিশ প্রশাসন বিগত ১৭ বছরে আমার বিরুদ্ধে ১৮ টি মিথ্যা মামলা দিয়েছে। মিথ্যা মামলায় আমাকে বারবার কারা বরণ করতে হয়েছে। রিমান্ড নিয়েছে আমাকেসহ বিএনপি, ছাত্রদল ও যুবদলের হাজার হাজার নেতাকর্মীদের। আমি আপনাদের পাশে ছিলাম, আগামীতেও পাশে থাকবো।

আসুদুজ্জামান বাবলু আরও বলেন, সম্প্রতি দেখলাম, কেউ নিজেকে জনতার এমপি, কেউ জেলা বিএনপির সভাপতি হয়ে গেছি পরিচয় দিচ্ছেন। আমি জেলা বিএনপির সভাপতি বা সম্পাদক হয়নি। আপনারা আমাকে ভালোবেসে আজ আমার পাশে দাঁড়িয়েছেন।

তিনি বলেন, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, তার ভাই অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন স্বৈরাচার আওয়ামী সরকারের ১৭ বছর লড়াই সংগ্রাম করেছে। যা সারা বাংলাদেশে নজীন স্থাপন করেছে। মাসুদ অরুন ও জেলা বিএনপি সারা বাংলাদেশের বিএনপির আইকন। অথচ, তাঁদের বিরুদ্ধে একটি কুচক্রি মহল কুৎসা রটনা করছে। মেহেরপুরের মানুষ তাঁদের সেই কুৎসা রটনার দাঁতভাঙ্গা জবাব দেবে।

দিবসটি উপলক্ষে সংক্ষিপ্ত সমাবেশ শেষে একটি বিরাট শোভাযাত্রা ফুটবল মাঠ থেকে শুরু হয়ে মেহেরপুর-কুষ্টিয়া সড়ক প্রদক্ষিণ শেষে হাসপাতাল বাজার এলাকা ঘুরে বড় বাজার শহীদ আবু সাঈদ চত্বরে গিয়ে শেষ হয়।

মিছিল ও সমাবেশে উপজেলার বিভিন্ন এলাকা থেকে বিএনপি, ছাত্রদল, যুবদল, শ্রমীকদলসহ অঙ্গ দলের হাজার হাজার কর্মী সমর্থক জাতীয় পতাকা, ব্যানার, ফেস্টুন, প্লেকাড ও ধানের শীষ হাতে খন্ড খন্ড মিছিল সহকারে এসে গাংনী হাইস্কুল মাঠ কানায় কানায় পূর্ণ হয়ে যায়। সমাবেশে এলাকার কয়েক হাজার নারী অংশ নেন।

মেহেরপুরে বিসিডিএস ও ফারিয়ার মতবিনিময় সভা

ফার্মাসিউটিক্যাল প্রমোশনাল অফিসারস্, এরিয়া ম্যানেজারগন এবং জেলা বিসিডিএসের নবগঠিত আহবায়ক কমিটির সাথে সৌহার্দ্যপূর্ণ মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার(১৩ নভেম্বর) সকাল ১১টার দিকে মেহেরপুর সদর উপজেলা বিসিডিএসের আহবায়ক ইলিয়াস হোসেনের সঞ্চালনায় এ মত বিনিময় সভা অনুষ্ঠিত হয় এবং ফুল দিয়ে ফার্মাসিটিক্যাল প্রমোশনাল অফিসারস্, এরিয়া ম্যানেজার গণ নবগঠিত জেলা বিসিডিএসের আহবায়ক কমিটিকে সংবর্ধনা জানান ।

মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন জেলা বিসিডিএসের আহবায়ক রিনু।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিসিডিএসের কার্যনির্বাহী সদস্য কাজী খয়রুদ্দিন, ইসমাইল হোসেন, সাইফুল ইসলাম, সাবেক সহ-সভাপতি আব্দুল লতিফ, নির্বাহী সদস্য রাকিবুল ইসলাম রন, ফার্মাসিটিক্যালসের ম্যানেজার ফোরামের সভাপতি দোলন হোসেন সহ মেহেরপুর সদর উপজেলা, মুজিবনগর উপজেলা বিসিডিএসের আহ্বায়ক কমিটির সদস্যবৃন্দ ও জেলা ফারিয়ার প্রতিনিধিগণ।

মতবিনিময় সভায় বক্তব্য রাখেন ফার্মাসিটিক্যালসের ম্যানেজার ফোরামের দোলন হোসেন ও জেলা বিসিডিএসের আহবায়ক রিনু।

এ সময় তারা বলেন, মেহেরপুর জেলা বিসিডিএস ও জেলা ফার্মাসিটিক্যাল প্রমোশনাল অফিসারস্ সোহাদ্যপূর্ণ বজায় রেখে চলাচল করার জন্য প্রতিশ্রুতি দেন। কোন ঔষধের দোকানে যেকোনো ঔষধ কোম্পানির মেয়াদ উত্তীর্ণ ঔষধ থাকলে তা আলাদাভাবে প্যাকেটজাত করে রাখার জন্য জানান। মেয়াদ উত্তীর্ণ ওষুধ যার যার কোম্পানির প্রতিনিধিগন তালিকা করে আগামী তিন মাসের মধ্যে কোম্পানির মাধ্যমে পুনরায় রিপ্লেসমেন্ট করবে এবং মেহেরপুর জেলার সকল ঔষধ ব্যবসায়ীগণ সহ ঔষধ কোম্পানির প্রতিনিধিদের সাথে এক মিলন মেলার আয়োজন করা হবে বলে ব্যক্ত করেন।

মুজিবনগরে উপজেলা প্রশাসনের মাসিক সভা অনুষ্ঠিত

মুজিবনগরে উপজেলা পর্যায়ের মাসিক বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছেন। আজ বুধবার উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে সকাল এগারোটা থেকে এসব সভা অনুষ্ঠিত হয়।

মাসিক সভায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, উপজেলা জঙ্গিবাদ সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, উপজেলা চোরা চালান প্রতিরোধ কমিটির, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে উপজেলা টাস্কফোর্স কমিটিসহ উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি, উপজেলা যৌতুক বাল্যবিবাহ নিরোধ এবং জন্ম মৃত্যু নিবন্ধন কমিটি সহ উপজেলা পর্যায়ের ১৫ টি কমিটির সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমেন, উপজেলা প্রকৌশলী খালিদ হাসান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লালটু মিয়া, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

সড়কে শৃঙ্খলা ফেরাতে

মুজিবনগরে যৌথ বাহিনীর জনসচেতনতামূলক অভিযান

নিজের জীবন রক্ষার্থে হেলমেট বাধ্যতামূলক ও অবশ্যই ড্রাইভিং লাইসেন্স করাসহ সড়কের শৃঙ্খলা ফেরাতে মুজিবনগরে যৌথবাহিনী অভিযান পরিচালিত হয়েছে।

আজ বুধবার দুপুরে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের নেতৃত্বে সেনাবাহিনী,পুলিশ ও ট্রাফিক পুলিশের যৌথ অভিযান পরিচালিত হয়। মোটরসাইকেল চালক যাদের মাথায় হেলমেট নেই, ড্রাইভিং লাইসেন্স নেই এবং রেজিস্ট্রেশন বিহীন সকল প্রকার গাড়ি চালক কে জরিমানা সহ জনগণকে সচেতন করা হয় এবং মোবাইল কোর্টের মাধ্যমে গাড়ির কাগজ, ডাইভিং লাইসেন্স না থাকা ও হেলমেট বিহীন গাড়ি চালকদের জরিমানা করা হয়।

এ সময় সেনাবাহীনীর ওয়ারেন্ট অফিসার জামাল, ট্রাফিক ইন্সপেক্টর বিশ্বজিৎ ঘোষ উপস্থিত ছিলেন।

জনসচেতনতামূলক অভিযানে উপজেলা নির্বাহী অফিসার বলেন, মটরসাইকেল চালোনোর সময় অবশ্যই হেলমেট ব্যবহার করতে হবে। গাড়ির রেজিট্রেসনের পাশাপাশি বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এমন কথা বলে প্রথম পর্যায়ে আমরা যৌথবাহীনীর সমন্বয়ে জনসচেতনতা মূলক অভিযান চালাচ্ছি জনগণকে সতর্ক করতে সীমিত আকারে জরিমানা করছি। পরবর্তীতে সড়কের শৃঙ্খলা ফেরাতে আমরা আরো কঠিন অবস্থানে যাবো।

মেহেরপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কমিটি ঘোষণা

সারা দেশে সাংগঠনিক কাঠামো বিস্তারের অংশ হিসেবে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার কমিটি ঘোষণা করা হয়েছে। আগামী ছয় মাসের জন্য তাঁরা এই কমিটি অনুমোদন করেছেন।

গতকাল মঙ্গলবার (১২ নভেম্বর) দিবাগত রাতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ভেরিফায়েড ফেসবুক পেজে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ৫১ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলার আহ্বায়ক কমিটি প্রকাশ করা হয়।

জেলা পর্যায়ে এটি তাদের ষষ্ঠ আহ্বায়ক কমিটি বলে উল্লেখ করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ।

কমিটি গঠন-সংক্রান্ত বিজ্ঞপ্তিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আবদুল্লাহ ও সদস্যসচিব আরিফ সোহেলের স্বাক্ষর রয়েছে।

মেহেরপুর সরকারি কলেজের শিক্ষার্থী ইমতিয়াজ আহমেদকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার কমিটিতে আহ্বায়ক করা হয়েছে । সদস্য সচিব করা হয়েছে কুষ্টিয়া সরকারি কলেজের শিক্ষার্থী মো. মুজাহিদুল ইসলাম।

এছাড়া কওমি মাদ্রাসার শিক্ষার্থী মো. শাওন শেখকে করা হয়েছে মুখ্য সংগঠক। কমিটির মুখপাত্র মেহেরপুর সরকারি মহিলা কলেজের ছাত্রী আনিকা তাবাচ্ছুম আঁখি।

এ ছাড়া কমিটির ৭ জন যুগ্ম আহ্বায়ক হলেন মো: তামিম ইসলাম, মো: নাসিম রানা বাঁধন, শামীম আহমেদ আজম, রিদওয়ানুল হক মুজাহিদ, জাইমুল হাসান, নাহিদ মাহমুদ ও আশিকুর রহমান শিশির।

৭ জন যুগ্ম সদস্য সচিব ফরিদুল আলম পান্না, ফাহিম শাহরিয়ার খান অয়ন, সাদ্দাম হোসেন জীবন, সজীব হাসান, শোভনুজ্জামান, মো: শাকিরুল ইসলাম ও হোসনেয়ারা।

৪ জন সংগঠক হলেন আসিফ রাব্বি, ওবায়দুল ইসলাম রাফি, আমির হামজা ও রাব্বি হোসেন।

২৯ জন সদস্য করা হয়েছে ইয়াসিন আহমেদ সিয়াম, আলমিম আলিফ খান, সামিউল ইসলাম সাফি, তানভীর জামান, রাগীব শাহরিয়ার, মাহফুজুর রহমান, রুকায়া কুলসুম কান্তা, মোঃ সাইমুন ইসলাম, মো: প্রিন্স, মো জাহাঙ্গীর আলম, আনাস আহাম্মেদ, মোঃ খালিদ বিন ওয়ালিদ অমিত,মানজারুল ইসলাম সোহান, মো: আরিফ খাঁন, মো: নাফিউ বারী, ওমর ফারুক, তামিমুর রহমান, মোঃ মুরছালিন, আফিফ হাসান আবির, সামিউল ইসলাম, স্বর্ণা আক্তার, আমিনুল ইসলাম সায়েম, মো ইমরান

হোসেন, আব্দুল্লাহ আল সাদিক, সাকলাইন মুস্তাক, ফাহিম মুর্শিদ, শামীম হাসান কবির, সাহাবিুদ্দন শেখকে।

মেহেরপুর পুলিশের অভিযানে ৭ জন গ্রেফতার

মেহেরপুরে অভিযান চালিয়ে বিভিন্ন মামলার সাত আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ। এদের মধ্যে সিআর মামলায় আদালতের পরোয়ানাভুক্ত এক জন ও নিয়মিত মামলার ছয় আসামি রয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল থেকে আজ বুধবার (১৩ নভেম্বর) ভোর রাত পর্যন্ত মেহেরপুর সদর, গাংনী, মুজিবনগর থানা পুলিশ ও জেলা গোয়েন্দা পুলিশের পৃথক টিম আলাদা অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেপ্তার করে।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছে। বুধবার (১৩ নভেম্বর) দুপুরে গ্রেপ্তারকৃতদের আদালতে নেওয়া হয়েছে।

প্রথম পুরস্কার পেলেন মেহেরপুরের ছেলে ইয়াসির আরাফাত

ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) ও দেশ টিভি বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ড-২০২৪ এ অনলাইন ক্যাটাগরিতে প্রথম পুরস্কার পেয়েছেন মেহেরপুরের ছেলে জাগো নিউজের জ্যেষ্ঠ প্রতিবেদক ইয়াসির আরাফাত রিপন।

ইয়াসির আরাফাত রিপন মেহেরপুর জেলার গাংনী উপজেলার হাড়িয়াদহ

গ্রামের আশকার আলীর ছেলে।

গত শুক্রবার (৮ নভেম্বর) সন্ধ্যায় ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী অডিটোরিয়ামে অ্যাওয়ার্ড উপলক্ষে আয়োজিত এক জমকালো অনুষ্ঠানে এ পুরস্কার দেওয়া হয়।

গত বছরের ডিসেম্বরে প্রকাশিত ‘খরচ বাঁচাতে খাদ্য তালিকায় কমছে আমিষ, বাড়ছে হেঁটে যাতায়াত’ শীর্ষক চার পর্বের প্রতিবেদনের জন্য এ পুরস্কার পেয়েছেন রিপন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল। বিশেষ অতিথি ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, দেশ টেলিভিশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক অ্যাটকোর সাধারণ সম্পাদক আরিফ হাসান ও জুরিবোর্ডের প্রধান ডিআরইউয়ের সাবেক সভাপতি শফিকুল করিম।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিআরইউ সভাপতি সৈয়দ শুকুর আলী শুভ। স্বাগত বক্তব্য দেন সাধারণ সম্পাদক মহি উদ্দিন।

ইয়াসির আরাফাত রিপন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেছেন। পেশাগত জীবনে তিনি দৈনিক সংবাদ, একুশে টেলিভিশন (ইটিভি), অনলাইন নিউজপোর্টাল বাংলানিউজটোয়েন্টিফোর.কম-এ কাজ করেছেন। ২০২০ সালের নভেম্বরে জাগোনিউজ২৪.কম-এ যোগ দেন তিনি।

দীর্ঘদিন ধরে অর্থনৈতিক বিটে কাজ করছেন ইয়াসির আরাফাত রিপন। সাংগঠনিকভাবে তিনি ডিআরইউ ছাড়াও ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে) এবং বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) স্থায়ী সদস্য। এর আগে আরাফাত আবাসন খাত ও আবাসন খাতে ব্যাংক সংশ্লিষ্টতা বিষয়ে ‘রিহ্যাব বর্ষসেরা পুরস্কার’ লাভ করেন।

গাংনীতে পুকুর পাড়ে খেলতে গিয়ে পানিতে ডুবে শিশু মৃত্যু

পুকুর পাড়ে খেলতে গিয়ে পা পিছলে পানিতে পড়ে মোমিন (৬ বছর) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। শিশু মোমিন মেহেরপুরের গাংনী উপজেলার ধর্মচাকী গ্রামের আব্দুস সালামের ছেলে।

আজ মঙ্গলবার (১২ নভেম্বর) সকালে ধর্মচাকী পশ্চিমপাড়া গ্রামে শিশু মৃত্যুর এঘটনা ঘটে।

মোমিনের পিতা আব্দুস সালাম জানান,বাড়ির পাশে পুকুর পাড়ে বন্ধুদের সাথে খেলতে গিয়ে অসাবধানতাবশত ইসলাম পুকুরের পানিতে পড়ে যায়। অন্য শিশুরা আমাদের বিষয়টি জানালে আমরা তাড়াতাড়ি আমার ছেলেকে পুকুরের পানিতে খুজতে থাকি। অনেক পরে ছেলে মোমিন পুকুরের পানিতে ভেসে ওঠে। মোমিনকে পুকুর থেকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্মরত চিকিৎসক আব্দুল আল মারুফ শিশুটিকে মৃত ঘোষণা করেন।

এব্যাপারে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল বলেন, বিষয়টি শুনে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয় এবং আইনি প্রক্রিয়া শেষে শিশুটির মরদেহ দাফন করা হয়।

গাংনীতে ওয়ালটন ফ্রিজ কিনে ২০ লক্ষ টাকা জিতলেন কলেজ ছাত্র রাশেদ

২০ লক্ষ টাকা দিয়ে পড়াশুনার পাশাপাশি কৃষি জমি কিনে মা ও বাবার নামে দেবেন কলেজ ছাত্র রাশেদ। লটারিতে পাওয়া ২০ লক্ষ টাকা পাওয়া কলেজ ছাত্র রাশেদ তার অনুভুতি বলতে গিয়ে আবেগ আপ্লুত হয়ে বলেন, আমি যখন ২০ লাখ টাকার লটারি জিতেছি এমন একটি ফোন পাই। আমি ভয়ে

ফোন কেটে দিই। মনে করেছিলাম কোন প্রতারকদের খপ্পরে পড়েছি। পরে একাধিকবার ফোনে আমাকে নিশ্চিত করে। কথাটি প্রথমে আমার মাকে বলতে গিয়ে আমার চোখ ভিজে গিয়েছিল। এই টাকা আমার ভাগ্য বদলের সহায়ক হবে। আমাদের অভাবের সংসার। তিন ভাই বোন ও মা বাবা মিলে ৫ জনের সংসারে বাবার রোজগারে সংসার চলে। মাঠে তেমন জমিজমাও নেই। এই টাকায় আমার বাবার হাতে তুলে দিয়ে বাবাকে সহায়তা করতে পেরে খুবই আনন্দ লাগছে।

লটারি বিজয়ী রাশেদ মেহেরপুর জেলার গাংনী উপজেলার রাইপুর ইউনিয়নের বাথানপাড়া গ্রামের কৃষক রফিকুল ইসলামের ছেলে ও গাংনী সরকারি ডিগ্রি কলেজের এইচ এসসি দ্বিতীয় বর্ষের ছাত্র।

কলেজ ছাত্র রাশেদ জানান,গাংনীর ওয়ালটন শোরুম মেসার্স সাজু এন্টারপ্রাইজ থেকে ফ্রিজ ক্রয় করি গত ২৭ অক্টোবর। ডাবল মিলিয়ন অফার চলাকালিন ফ্রিজ কিনে ২০ লাখ টাকা পুরস্কার পাই। গতকাল সোমবার (১১ নভেম্বর) বিকালে ওয়ালটনের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর ও জনপ্রিয় চিত্রনায়ক আমিন খান তার হাতে ২০ লাখ টাকার চেক তুলে দেন।

রাশেদের বাবা রফিকুল ইসলাম বলেন,এই টাকা দিয়ে আমার ছেলের জীবন বদলে দেবো। তাকে লেখা পড়া শিখে মানুষ হতে হবে।

মা বেলিয়ারা খাতুন বলেন,আমি প্রথমে বিশ্নাস করতে পারছিলাম না। গরিবের কপালে এতবড় পাওয়া আল্লাহ্র কাছে হাজার শুকরিয়া।

গাংনীর ওয়ালটন শোরুম সাজু এন্টারপ্রাইজের মালিক মাহবুবুল বারী সাজু জানান, কলেজ ছাত্র ,রাশেদ ওয়ার এইচ ফাইভ মডেলের একটি ফ্রিজ ক্রয় করে ডাবল মিলিয়ন অফারে ২০ লাখ টাকা পুরস্কার পেয়েছেন। ওয়ালটনের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর ও জনপ্রিয় চিত্রনায়ক আমিন খান সহ ওয়ালটনের কর্মকর্তারা তার হাতে চেক তুলে দিতে গাংনী আসেন।

তিনি বলেন, ফ্রিজ, টিভি, ওয়াশিং মেশিন বা বিএলডিসি ফ্যান কিনে ক্রেতারা পেতে পারেন ২০ লাখ টাকা। এই অফার ৩১ ডিসেম্বর পর্যন্ত চলছে তবে কর্তৃপক্ষ চাইলে সময় বৃদ্ধি হতে পারে।

চিত্রনায়ক আমিন খান বলেন, ওয়ালটন একটি দেশীয় পণ্য। এপণ্য যত কিনবেন দেশ ততই সমৃদ্ধ হবে, আর্থিক ভাবে সাবলম্বি হবে। তিনি আরও বলেন, বাংলাদেশের তৈরি ওয়ালটন এখন আন্তর্জাতিক মান সম্পন্ন। এপণ্য কিনে দেশের কয়েক হাজার মানুষ পুরুস্কার জিতে সাবলম্বি

হয়েছে। ওয়ালটনের এ ধারা অব্যাহত থাকবে। ওয়ালটন কারও সাথে প্রতারনা করেনা। আমরা ঢাকা থেকে গাংনীতে পুরুস্কারের টাকা পৌছে দিতে এসেছি। আমরা এটাই প্রমান করেছি ওয়ালটন আছে দেশের প্রতিটি গ্রামে। প্রতিটি মানুষের মনে প্রাণে।

পুরস্কার বিতরন উপলক্ষে এর আগে গাংনী বাজারের ওয়ালটন শোরুম থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে শেষ হয়। পরে মঞ্চে সংঙ্গীত পরিবেশন করে শিল্পীরা।

পুরস্কার বিতরন অনুষ্ঠানে অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ওয়ালটনের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর এবং ডিস্ট্রিবিউটর টেওয়ার্কের হেড অব সেলস ফিরোজ আলম, চিফ মার্কেটিং অফিসার (সিএমও) গালীব বিন মোহাম্মদ, ডেপুটি সিএমও জোহেব আহমেদ, এক্সিকিউটিভ ডিরেক্টর মো. মনিরুল হক এবং ওয়ালটনের ডিস্ট্রিবিউটর শোরুম সাজু এন্টারপ্রাইজের স্বত্ত্বাধিকারী মাহাবুবুল বারীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

মেহেরপুরে জামায়াতে ইসলামীর সদস্য সম্মেলন অনুষ্ঠিত

‘ ‘মানবতার সেবা ও দেশ পরিচালনার যোগ্যতা অর্জনের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জন’’ এই প্রতিপাদ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার সদস্য (রুকন) সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (১২ নভেম্বর) সকাল ১০ টার দিকে মেহেরপুর শহরের পৌর কমিউনিটি সেন্টারে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনের সভাপতিত্ব করেন জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমীর তাজউদ্দিন আহমেদ।
সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও অঞ্চল পরিচালক মোবারক হোসাইন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ৫ই আগস্টের বিপ্লবের পর থেকে আমাদের জামায়াত সারা বাংলাদেশের প্রতিটি ঘরে পৌঁছানোর চেষ্টা করেছে। আমরা মানুষের পাশে দাঁড়িয়েছি, তাদের উদ্বেগ ও দুর্দিনে সহায়তা প্রদান করেছি। শহীদ ভাইদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আমরা ঘরে ঘরে গিয়েছি এবং তাদের পরিবারের পাশে দাঁড়িয়েছি। আহত ভাইদের চিকিৎসার জন্যও আমরা সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছি। এভাবেই আমরা জাতির কল্যাণে কাজ করে যাচ্ছি এবং ভবিষ্যতেও তা অব্যাহত রাখবো।

তিনি আরও বলেন, বর্তমান সরকারকে একটি যৌক্তিক সময়ের মধ্যে সংস্কার করে নির্বাচন দিতে হবে। সবকিছু মিলিয়ে, ড. শফিকুল রহমান ও বাংলাদেশ জামায়াতে ইসলামী বাংলাদেশের জনগণের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। বর্তমানে মানুষ আমাদের দিকে তাকিয়ে স্বপ্ন দেখতে শুরু করেছে, এবং জামায়াতে ইসলামী তাদের সেই স্বপ্ন দেখাচ্ছে। তাই, আগামী নির্বাচনে জামায়াত কাঙ্খিত ফলাফল অর্জন করতে সক্ষম হবে এবং জাতি একটি ইনসাফপূর্ণ ও সুস্থ সমাজ প্রতিষ্ঠার দিকে অগ্রসর হবে।

জেলা শাখার সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইনের পরিচালনায় সম্মেলনে চুয়াডাঙ্গা জেলা আমীর এ্যাড. রুহুল আমিন, যশোর-কুষ্টিয়া অঞ্চল টিম সদস্য ড. আলমগীর বিশ্বাস, জেলা নায়েবে আমীর মাওঃ মাহবুব-উল আলম প্রমুখ বক্তব্য রাখেন।

এতে বক্তারা বলেন, মানবতার সেবা, দেশ পরিচালনার দক্ষতা এবং আল্লাহর সন্তুষ্টি অর্জনই আমাদের প্রধান উদ্দেশ্য হওয়া উচিত। তাঁরা জামায়াতে ইসলামীকে একটি গণতান্ত্রিক, মানবিক ও ন্যায়বিচারের আন্দোলন হিসেবে তুলে ধরে বলেন, ‘‘আমরা চাই একটি সাম্যভিত্তিক সমাজ ব্যবস্থা, যেখানে প্রতিটি নাগরিক তার অধিকার পাবেন।’’

এছাড়াও এসময় মেহেরপুর সদর উপজেলা আমীর মাওঃ সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম মাস্টার, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওঃ কাজী রুহুল আমিন, পৌর আমীর সোহেল রানা ডলারসহ বিভিন্ন স্থান থেকে আগত জামায়াতের সদস্যরা উপস্থিত ছিলেন।

সম্মেলনের শেষে মেহেরপুর জেলা আমীর দেশ ও জাতির কল্যাণে জামায়াতে ইসলামীর আদর্শে উজ্জীবিত হয়ে কাজ করতে শপথ গ্রহণ করেন। শপথ পাঠের পর সংগঠনের উন্নতি ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে ডকুমেন্টারি

প্রদর্শন করানো হয়।

সম্মেলনের দ্বিতীয় পর্বে জেলা মজলিসে শুরার ভোট গ্রহণ অনুষ্ঠিত হয় এবং গিফট বিতরণ করা হয়।

এছাড়া, সম্মেলনে বাংলাদেশের মুসলিম সমাজের ঐক্য ও আল্লাহর প্রতি নিষ্ঠা অব্যাহত রাখার জন্য সকলকে একত্রিত হওয়ার আহ্বান জানানো হয়।